

2024-01

Coding for All: 10 faculties complete Python training

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1113>

Downloaded from IUB Academic Repository

শিক্ষা ▶ Completed basic Python programming course at IUB



আইইউবি-তে মৌলিক পাইথন প্রোগ্রামিং কোর্স করলেন ১০ শিক্ষক

নিউজবাংলা ডেস্ক ২ জানুয়ারি, ২০২৪ ২১:৫২ | আপডেট: ২ জানুয়ারি, ২০২৪ ২১:৫৩



আইইউবি-তে কোর্স পরিচালনা ও অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দ। ছবি: সংগৃহীত



‘অটোমেট ইওর ডে উইথ পাইথন’ শীর্ষক

চার সপ্তাহের এই বিশেষ কর্মশালা শেষ

হয় ৭ ডিসেম্বর। প্রযুক্তি ও প্রকৌশল

অনুষদ ছাড়া অন্য অনুষদের শিক্ষকদের

মাঝে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে সক্ষমতা

বাড়ানোর উদ্দেশ্যে এর আয়োজন করা

হয়।



ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-এর ‘কোডিং ফর অল’ কর্মসূচির আওতায় মৌলিক পাইথন কম্পিউটার প্রোগ্রামিং-এর কোর্স সফলভাবে সম্পন্ন করেছেন বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, গণস্বাস্থ্য ও ফার্মেসি এবং প্রাণ ও পরিবেশ বিজ্ঞান অনুষদের ১০ জন শিক্ষক। তাদেরকে প্রশিক্ষণ দিয়েছেন আইইউবির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিন শিক্ষক।

আইইউবির সেন্টার ফর কগনিটিভ স্কিল এনহান্সমেন্ট (সিসিএসই)-এর কম্পিউটার ল্যাবে ২১ ডিসেম্বর অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন আইইউবিতে ‘কোডিং ফর অল’ ধারণার প্রবক্তা উপাচার্য তানভীর হাসান। তার সঙ্গে ছিলেন স্কুল অফ বিজনেস অ্যান্ড এন্ট্রোপ্রেনিউরশিপের ডিন অধ্যাপক মেহেরন আহমেদ এবং স্কুল অফ ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ডিন অধ্যাপক মামুন বিন ইবনে রিয়াজ।

‘অটোমেট ইওর ডে উইথ পাইথন’ শিরোনামের চার সপ্তাহের এই বিশেষ কর্মশালাটি শেষ হয় ৭ ডিসেম্বর। প্রযুক্তি ও প্রকৌশল অনুষদ ছাড়া অন্য অনুষদের শিক্ষকদের মাঝে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বাড়ানোর উদ্দেশ্যে এই কর্মশালার আয়োজন করা হয়। পাইথনের পাশাপাশি তথ্য সংরক্ষণ এবং মাইক্রোসফট এক্সেল সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ দেয়া হয় এই ১০ শিক্ষককে।



আইইউবিতে ‘কোডিং ফর অল’ কর্মসূচির সূচনা হয় ২০২৩ সালের শুরুর দিকে। এর আওতায় বিভিন্ন বিভাগের কয়েক শ’ শিক্ষার্থীকে ইতোমধ্যে কম্পিউটার প্রোগ্রামিংয়ের ওপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি

ট্যাগ: আইইউবি